দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 21 AUG 1998 ...
পৃষ্ঠা: ১২ কলাম ৬ ......

# এসএসসি, এইচএসসি দাখিল ও আলিম পরীক্ষার তারিখ

**স্টাফ রিপোর্টার** ॥ আগামী '৯৯ সালে অনুষ্ঠিতব্য চারটি পাবলিক পরীক্ষা অনুষ্ঠানের তারিখ ঘোষণা করা হয়েছে। এসব পরীক্ষা হচ্ছে এসএসসি, এইচএসসি, দাখিল ও আলিম। '৯৯ সালে এসএসসি এবং এইচএসসি, পরীক্ষা অভিন্ন প্রশ্নপত্রের পরিবর্তে বোর্ডভিত্তিক ভিন্ন ভিন্ন প্রশ্নপত্রে গ্রহণ করা হবে। এ ছাড়া পুরনো সিলেবাসে এসএসসি ফেল করা ছাত্রছাত্রীদের শেষবারের মতো '৯৯ সালে পরীক্ষা দেবার সুযোগ দেয়া হবে।

বৃহস্পতিবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব কথা জানানো হয়। ঢাকা, রাজশাহী, যশোর, কুমিল্লা, চট্টগ্রাম এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের পক্ষে ঢাকা বোর্ডের চেয়ারম্যান মুঃ তোজাম্মেল হোসেন এ বিজ্ঞপ্তি দেন।

এতে বলা হয় যে, ১৯৯৯ সালের এসএসসি পরীক্ষা ঐ বছরের ৪ মার্চ বৃহস্পতিবার অনুষ্ঠিত হবে। ১৯৯৯ সালের এইচএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে ঐ বছরের ৬ মে বৃহস্পতিবার। দাখিল পরীক্ষা শুরু হবে ১৯৯৯ সালের ১১ মার্চ বৃহস্পতিবার। ১৯৯৯ সালের ১৩ মে শুরু হবে আলিম পরীক্ষা।

বিজ্ঞপ্তিতে আরও জানানো হয় যে, ১৯৯৫ সালে রেজিস্ট্রেশন প্রাপ্ত অথচ '৯৭ ও '৯৮ সালে অকৃতকার্য অথবা পরীক্ষায় অংশ নিতে পারেনি এমন ছাত্রছাত্রীদের শেষবারের মতো ১৯৯৯ সালে পুরনো সিলেবাসে (১৯৯৭ সালের সিলেবাস) এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।